

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৫টি প্রতিষ্ঠানকে ১.৬২ হাজার টাকা জরিমানা

২৬ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৭ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, পাবনা এবং জামালপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর লালবাগ এলাকায় পণ্যের মোড়কে এমতারপি লেখা না থাকার অপরাধে রাজধানী কনফেকশনারীকে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশণের অপরাধে জুসি সুজকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর গুলশান এলাকায় পণ্যের মোড়কে এমতারপি লেখা না থাকার অপরাধে দি নিউ গুলশান প্লাজা রেস্টোরাকে ৩,০০০/- (তিনি হাজার) টাকা ও জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Cookers'7 কে ৫০০/- (পাঁচশত) টাকা এবং গুলশান এলাকায় একই অপরাধে Chef's Kitchen এবং Butlers Chocolate Cafe কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ১৬,৫০০/- (ষেল হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৩,৭৫/- (তিনি হাজার তিনিশত পাঁচাত্তর) টাকা তৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

অন্যদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর গুলশান এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ধানসিডি রেস্টোরাকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌলার নেতৃত্বে সিলেটের শাহপুরান থানায় ১টি প্রতিষ্ঠানকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা তৎক্ষণিকভাবে প্রদান করা হয়। সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে সিলেটের কোতয়লী থানায় ৩টি প্রতিষ্ঠানকে ৭৮,০০০/- (আঠাত্তর হাজার) টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানজুজামানের নেতৃত্বে পাবনা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা এবং জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গির আলমের নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকাসহ মোট ১১,২০০/- (এক লক্ষ একশুণ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমতারপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ ওষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৭টি বাজার তদারকিতে ১৫টি প্রতিষ্ঠানকে মোট ১,৬২,৫০০/- (এক লক্ষ বাষটি হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৫ জন অভিযোগকারীকে মঃ ১০,৮৭৫/- (দশ হাজার আটশত পাঁচাত্তর) টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২৫ মে ২০১৬ তারিখে ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরের সুত্রাপুর এলাকায় পণ্যের মোড়কে এমতারপি লেখা না থাকার অপরাধে প্রিমিয়াম সুইটসকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে CP কে ৮,০০০/- (আট হাজার) টাকা ও একই অপরাধে অভিযোগের ভিত্তিতে শুনানীর মাধ্যমে ইত্যাদি মেডিসিন কর্ণারকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ২৮,০০০/- (আঠাত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ন ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, সিলেট, পাবনা এবং জামালপুর।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, সিলেট, পাবনা এবং জামালপুর।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।